

অন্টারিও কোভিড-১৯ লকডাউন ফ্যাক্টশীট

অন্টারিওর "বাড়িতে থাকার" নতুন আদেশ কি?

অন্টারিওতে কোভিড-১৯ ছড়িয়ে পড়ার কারণে ১৪ জানুয়ারি, ২০২১ তারিখে জরুরী অবস্থা জারি করা হয়। এটি অন্তত ১১ ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত চলবে। সরকার বলছে যে শুধুমাত্র প্রয়োজনীয় কারণে আপনি আপনার বাড়ির বাইরে যেতে পারবেন যেমন:

- স্কুলে অথবা চাইল্ড কেয়ার সেন্টারে যাওয়া
- কাজে যাওয়া (যদি এটা বাড়ি থেকে করা না যায়)
- ব্যায়াম অথবা কুকুরকে হাঁটতে নেওয়া
- খাদ্য, গ্রোসারির দোকান, ঔষধ বা গৃহস্থালীর জিনিসের জন্য
- সরকারী কাজ, স্বাস্থ্যসেবা, আইনি বা আর্থিক সেবা নেওয়ার জন্য

আপনি যদি আপনার বাড়িতে না থেকে অন্যত্র যান তাহলে বাড়ির ভিতরে অবশ্যই মাস্ক পরতে হবে। বাইরে সামাজিক দূরত্ব অবশ্যই রক্ষা করতে হবে এবং জমায়েত ৫ জনের বেশি হতে পারবেন না।

ঘনিষ্ঠ যোগাযোগ একই পরিবারের সদস্যদের মধ্যে সীমাবদ্ধ। এতে বলা হয়েছে, আপনি যদি একমাত্র পিতামাতা হয়ে থাকেন অথবা একা বাস করেন, তাহলে অন্য একটি পরিবারের সাথে আপনার ঘনিষ্ঠ যোগাযোগ থাকতে পারবে।

কারা লকডাউন এর নিয়ম বাস্তবায়ন করবে? জরিমানা কি কি হতে পারে?

সিটির আইন কর্মকর্তা, বিশেষ কনস্টেবল এবং পুলিশ কর্মকর্তাদের দ্বারা আইন বাস্তবায়ন করা যেতে পারে। লকডাউন অর্ডার না মেনে চলার জন্য আপনাকে ৭৫০ ডলার জরিমানা করা হতে পারে। আপনি যদি অন্য কোন ব্যক্তি বা কর্মীদের আইন মেনে চলতে বাধা দেন, অথবা কোন কর্মকর্তাকে আইন প্রয়োগে বাধা দিয়ে থাকেন, তাহলে আপনাকে ১,০০০ ডলার জরিমানা করা হতে পারে।

পুলিশ এবং এনফোর্সমেন্ট অফিসাররা কি আমাকে রাস্তায় থামাতে পারবে?

একদিকে, অন্টারিও সরকার এবং পুলিশের মুখপাত্ররা বলেছেন যে "বাড়িতে থাকার আদেশ" পুলিশকে রাস্তায় গন হারে চেক করার ক্ষমতা দেয় না। তারা আরো জানিয়েছেন যে, আপনি যদি আপনার বাড়ির বাইরে থাকেন, তাহলে আপনি যে "বাড়িতে থাকার আদেশ" মেনে চলছেন, তা দেখানোর জন্য যথেষ্ট প্রমাণ আপনার নেই।

অন্যদিকে, অন্টারিওর বিচার ব্যবস্থায় পদ্ধতিগত বর্ণ বৈষম্য রয়েছে। আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কালো, আদিবাসী, বর্ণবাদী এবং অভিবাসীদের মত প্রান্তিক সম্প্রদায়কে অসম্পূর্ণভাবে টার্গেট করে।

সংক্ষেপে, যদিও অন্টারিওর লকডাউন নিয়ম স্পষ্টভাবে গনহারে চেক করার অনুমতি দেয় না, তবে যদি "যুক্তিসঙ্গত এবং সম্ভাব্য কারণ" থাকে তাহলে এটা এনফোর্সমেন্ট অফিসারদের আপনাকে থামানোর অনুমতি দিয়ে থাকে। অতএব, লকডাউন নিয়ম ভঙ্গের জন্য পুলিশ যুক্তি বা নিয়মবাহিঁভূত ভাবে আপনাকে থামাতে পারবেন।

পুলিশ বা এনফোর্সমেন্ট অফিসার যদি আমাকে প্রশ্ন করে তাহলে আমার কি করা উচিত? অভিযুক্ত হলে আমাকে কি নিজেকে সনাক্ত করতে হবে?

- যদি কোন কর্মকর্তার সন্দেহ করার যুক্তিসঙ্গত এবং সম্ভাব্য কারণ থাকে যে, আপনি লকডাউন অর্ডার লঙ্ঘন করেছেন, তাহলে তারা আপনাকে নিজেকে সনাক্ত করতে বলতে পারে। উদাহরণস্বরূপ, আপনি যদি বাইরে অনেক লোকের মধ্যে শারীরিক দূরত্ব বজায় না রাখেন বা একটি বড় ইনডোর জমায়েত মিলিত হন।
- আপনাকে থামিয়ে চেক করার সম্ভাবনা কমাতে: সবসময় একটি মুখোশ পরুন, শারীরিক দূরত্ব বজায় রাখুন, এবং আউটডোরে ৫ জনের চেয়ে বেশী একত্রিত হওয়া এড়িয়ে চলুন।
- “বাড়িতে থাকার আদেশে” আপনাকে জিজ্ঞেস করা হলে অফিসারকে আপনার সঠিক নাম, জন্ম তারিখ এবং ঠিকানা জানাতে হবে। আপনি যদি নিজেকে সনাক্ত করতে অস্বীকার করেন তাহলে আপনার বিরুদ্ধে একজন অফিসারের কাজে বাধা দেওয়ার অভিযোগ আনা হতে পারে।
- যখন নিজেকে সনাক্ত করতে বলা হয়, আপনি মৌখিকভাবে তা করতে পারেন। “বাড়িতে থাকার আদেশে” আপনাকে সরকারী ইস্যুকৃত পরিচয়পত্র দেখানোর প্রয়োজন নেই।
- এই আদেশে আপনি একজন অপরিহার্য কর্মী হিসেবে কাজে যাওয়ার জন্য আপনাকে এমপ্লয়মেন্ট লেটারও দেখাতে হবে না। তবে এটা বলা হয়েছে যে, যদি এমপ্লয়মেন্ট লেটার থাকে তাহলে আপনি আরো নিরাপদ এবং স্বাচ্ছন্দ বোধ করতে পারবেন। আপনি যদি নিরাপদ থাকতে চান তাহলে আপনার নিয়োগকর্তার কাছ থেকে এটি দেওয়ার জন্য জিজ্ঞেস করতে পারেন।
- যখন আপনাকে থামানো হয়, তখন আপনি কোন আইন ভঙ্গ করেছেন তা অফিসারকে জিজ্ঞেস করার অধিকার আপনার আছে।
- আপনি যদি আপনার পরিচয় দিয়ে থাকেন, এবং অফিসার কোন আইন ভঙ্গের জন্য আপনাকে অভিযুক্ত না করে থাকেন, তাহলে আপনার চুপ থাকার অধিকার আছে। আপনার বিরুদ্ধে ব্যবহার করা যেতে পারে এমন কোন প্রশ্নের উত্তর দিতে হবে না।
- আপনি অফিসারদের জিজ্ঞেস করতে পারেন, “আমাকে কি আটক করা হচ্ছে নাকি আমি যেতে পারবো?” যদি তারা বলে যে আপনাকে আটক করা হচ্ছে না, তাহলে আপনি যেতে পারবেন। জিজ্ঞাসাবাদ শেষ হওয়ার আগেই চলে গেলে আপনার বিরুদ্ধে অতিরিক্ত চার্জ হতে পারে।
- সাধারণত, শুধুমাত্র পুলিশেরই আপনাকে গ্রেফতার বা আটক করার ক্ষমতা আছে যদি তাদের কাছে যুক্তিসঙ্গত কারণ থাকে। তাহলে আপনার নিজেকে সনাক্ত না করা কোন ফৌজদারি অপরাধ নয় যার জন্য তারা আপনাকে গ্রেফতার করতে পারে, কিন্তু এর ফলে জরিমানা হতে পারে।
- বাইল এবং অন্যান্য এনফোর্সমেন্ট অফিসারদের সাধারণত গ্রেফতার বা আটক করার ক্ষমতা থাকে না। কিন্তু বাইল অফিসাররা আপনাকে পুলিশ বা কানাডা বর্ডার সার্ভিসেস এজেন্সির কাছে রিপোর্ট করতে পারে যাদের গ্রেফতার বা আটক করার ক্ষমতা আছে।
- আপনি যদি পুলিশের হাতে আটক হওয়ার ব্যাপারে চিন্তিত থাকেন, তাহলে একটি নিরাপত্তা পরিকল্পনা করুন।
উদাহরণস্বরূপ:
 - আপনি যাদেরকে বিশ্বাস করেন তাদেরকে খুঁজুন এবং তাদের ফোন নম্বর মুখস্থ করুন যাতে তারা আপনার উকিলের সাথে যোগাযোগ করতে পারেন, আপনার পরিবারের যত্ন নিতে পারেন, আপনার অনুপস্থিতি সম্পর্কে আপনার কর্মক্ষেত্রে কথা বলতে পারেন, অথবা একজন বন্ডপার্সন হতে পারেন। তাদেরকে আপনার বাড়ির চাবি দেওয়া এবং যে কোন গুরুত্বপূর্ণ কাগজপত্রে প্রবেশাধিকার দেওয়ার কথাও পারেন বিবেচনা করতে পারেন।
 - আপনার বন্ধু, পরিবার এবং কমিউনিটির কাছ থেকে সমর্থন খুঁজুন যারা আপনাকে মুক্ত করতে সহযোগিতা করতে পারেন